



ALL INDIA RADIO

REGIONAL NEWS UNIT – SILCHAR

MORNING NEWS BULLETIN

BENGALI

5 OCTOBER 2024

7:35 AM IST

=====

রাজ্যের প্রশাসনিক ব্যবস্থাকে সুষ্ঠুভাবে পরিচালনা করার লক্ষ্যে আজ কাছাড় জেলার লক্ষ্মীপুর সহ ২২ টি জেলায় সমজেলার কার্যালয় উদ্বোধন করা হবে। মুখ্যমন্ত্রী ডঃ হিমন্ত বিশ্বশর্মা আজ কামরূপ মহানগর জেলার জালুকবারী সমজেলা আয়ুক্তের কার্যালয় উদ্বোধন করবেন। কামরূপ মহানগর জেলার দিসপুর ও নিউ-গুয়াহাটীকে, হোজাই জেলার লামডিং, নগাঁও জেলার কলিয়াবর ও রহাকেও সমজেলা হিসেবে ঘোষণা করা হয়েছে। অনুরূপভাবে বঙ্গাইগাঁওয়ের অভয়াপুরী, কামরূপ জেলার রঞ্জিয়া, মরিগাঁওয়ের লাহরিঘাট ও জাগীরোড়, বিশ্বনাথের গত্তপুর, ডিবুগড়ের নাহরকাটিয়া, দুলিয়াজান, তিংখং ও খোয়াং, শিবসাগরের নাজিরা ও ডিমৌ, চরাইদেও জেলার মাহমরাইকে সমজেলা হিসেবে ঘোষণা করা হয়েছে। উল্লেখ্য পর্যায়ক্রমে আসামের ২১টি জেলায় ৩৯টি সম-জেলা কার্যালয় উদ্বোধন করা হচ্ছে। এর অঙ্গ হিসেবে গতকাল প্রথম পর্যায়ে ১৭ টি সমজেলা কার্যালয় উদ্বোধন করা হয়েছিল। এই প্রশাসনিক সংস্কারমূলক ব্যবস্থার মাধ্যমে এখন থেকে সাধারণ নাগরিকরা জমি রাজস্ব, ন্যায় ব্যবস্থা, উন্নয়নমূলক প্রকল্প রূপায়ন, খাদ্য ও অসামৰিক সরবরাহ আবগারী ইত্যাদি বিভিন্ন জেলা পর্যায়ের সেবাগুলো সমজেলা কার্যালয়ে লাভ করবেন।

এদিকে রাজ্যের জনস্বাস্থ্য কারিগড়ি, পর্যটন, দক্ষতা, নিয়োগ ও শিল্পোদ্যোগ বিভাগের মন্ত্রী জয়ন্ত মল্লবরুয়া আজ লক্ষ্মীপুরের ফুলেরতলে সমজেলা কার্যালয় উদ্বোধন করবেন। মন্ত্রী গতকাল করিমগঞ্জ জেলার রামকৃষ্ণনগর ও পাথারকান্দি দুটি সমজেলা কার্যালয়ের উদ্বোধন করেন। রামকৃষ্ণনগর সমজেলা কার্যালয় উদ্বোধন করে ভাষণ প্রসঙ্গে মন্ত্রী বলেন যে মুখ্যমন্ত্রী ডঃ হিমন্ত বিশ্বশর্মা রাজ্যের ৩৯ টি সমজেলার সঙ্গে রামকৃষ্ণনগরকে সমজেলা করে জনসাধারণের জন্য বিশেষ সুবিধা প্রদান করেছেন। এই অঞ্চলের জনগণকে বিভিন্ন

সরকারী কাজে এখন থেকে আর করিমগঞ্জ জেলা সদরে যেতে হবেনা বলে তিনি মন্তব্য করেন। মন্ত্রী বলেন যে এই সমজেলা স্থাপন করার ফলে জনসাধারণ জমির রাজস্ব , উন্নয়নমূলক কাজকর্ম , কল্যানমূলক প্রকল্পের সেবা , প্রশাসনিক সেবা , পঞ্চায়েত ও গ্রামোন্নয়ন , দুর্যোগ ব্যবস্থাপনা ইত্যাদি নাগরিক সেবা পেতে সক্ষম হবেন। বর্তমানে এই সমজেলা কার্যালয়ের কাজকর্ম পর্যটন বিভাগের গেষ্ট হাউসের অস্ত্রায়ী কার্যালয়ে চলবে। এক দেড় বছরের মধ্যে সমজেলার স্থায়ী ভবন নির্মাণ করা হবে বলেও তিনি জানান। মন্ত্রী শ্রী বরুঞ্জা গতকাল পাথারকান্দি পুর্তবিভাগের ডাক বাংলার পাশে পাথারকান্দি সমজেলা কার্যালয়ের উদ্বোধন করেন। এ উপলক্ষে পাথারকান্দি বিসর্জন ঘাটে এক অনুষ্ঠানের আয়োজন করা হয়। উভয় অনুষ্ঠানে রামকৃষ্ণনগর সমজেলা আয়ুক্ত ধূবজ্যোতি দেব , চক্র আধিকারীক সৌভিক দত্ত , সাংসদ কৃপানাথ মালহা , বিধায়ক কৃষ্ণেন্দু পাল , বিজয় মালাকার , সিদ্দেক আহমেদ চৌধুরী , সমজেলা আয়ুক্ত মিনাৰ্ভা দেবী আরামবাম , করিমগঞ্জের জেলা আয়ুক্ত প্রদীপ কুমার দ্বিবেদী প্রমুখ উপস্থিত ছিলেন।

গৌহাটী হাইকোর্ট আসাম লোকসেবা আয়োগের প্রাক্তন অধ্যক্ষ রাকেশ কুমার পালের সময়কালে ১৪ টি জেলা ম্যালেরিয়া আধিকারিক পদের নিযুক্তি বাতিলের নির্দেশ দিয়েছে। একজন বঞ্চিত প্রাথীর দাখিল করা আবেদনের শুনানি গ্রহণ করে গৌহাটী হাইকোর্টের মুখ্য বিচারপতি বিজয় কৃষ্ণ ও বিচারপতি উন্নীকৃষ্ণ নায়ারের খন্দ বিচারপীঠ ১৪ টি পদের বাছাই তালিকা বাতিল করে নতুনকরে নিযুক্তি প্রক্রিয়া আরম্ভ করতে নির্দেশ দিয়েছে। লোকসেবা আয়োগ ২০১২ সালে স্বাস্থ্য বিভাগের অধীনে ১৪ টি ম্যালেরিয়া আধিকারিক পদের বিজ্ঞাপন প্রকাশ করেছিল। পরবর্তী পর্যায়ে কমিশন বাছাই পরীক্ষা ও মৌখিক পরীক্ষা অনুষ্ঠিত করে ১৪ জন প্রাথীর তালিকা প্রকাশ করে। কিন্তু একাংশ প্রাথীর নম্বর বৃদ্ধি করে উত্তীর্ণ করা হয় এবং শুধু মৌখিক পরীক্ষার নম্বরের ভিত্তিতে প্রাথী বাছাই নিয়ে একজন বঞ্চিত প্রাথী উচ্চ ন্যায়লয়ে মামলা দায়ের করেছিল। এই মামলার ভিত্তিতে গতকাল ন্যায়লয় ১৪ টি ম্যালেরিয়া আধিকারিকের পদের বাছাই তালিকা বাতিল করে।

গুয়াহাটীর আঞ্চলিক আবহাওয়া দপ্তরের পক্ষ থেকে আসাম সহ মিজোরাম , ত্রিপুরা , মেঘালয় , নাগালেন্ড ও অরুণাচলপ্রদেশে আগামী মঙ্গলবার পর্যন্ত বজ্র বিদ্যুৎ সহ ভারী বৃষ্টিপাতের স্তৱনার কথা জানানো হয়েছে। আবহাওয়ার পূর্বাভাসে আসামের কিছু কিছু

এলাকায় ভাৰী বৃষ্টিপাতসহ ,হালকা থেকে মাঝারি বৃষ্টিপাতের সম্ভাবনার কথাও বলা হয়েছে

।

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীৰ পৌরহিত্যে অনুষ্ঠিত কেন্দ্ৰীয় মন্ত্রীসভার বাংলা অসমীয়া সহ পাঁচটি ভাষাকে ধ্রুবী ভাষার মৰ্যাদা প্ৰদানে বিভিন্ন বিশেষজ্ঞ মহল থেকে সন্তোষ প্ৰকাশ কৱা হয়েছে । এৱে ফলে বিভিন্ন ক্ষেত্ৰে শিক্ষা , গবেষণা ইত্যাদিৰ সুযোগ লাভ কৱা যাবে বলে বিভিন্ন পক্ষ মন্তব্য কৱেছেন । উল্লেখ্য এছাড়া অন্য তিনটি ভাষা হলো মারাঠি , পালি ও প্ৰাকৃত । আসামেৰ মুখ্যমন্ত্রী ডঃ হিমন্ত বিশ্ব শৰ্মা সামাজিক মাধ্যমে কেন্দ্ৰীয় সরকাৰেৰ এই সিদ্ধান্তকে আসামবাসীৰ হয়ে কৃতজ্ঞতা ও ধন্যবাদ জানিয়েছেন ।

কাছাড়েৰ জেলা সৈনিক কল্যান আধিকারীক এক বিজ্ঞপ্তিতে জানিয়েছেন যে প্ৰাক্তন সৈনিক যাদেৱ স্তৰীৰ নামে এখনো পারিবাৱিক পেনশনেৰ জন্য পি পি ও -তে অনুমোদন কৱা হয় নি , তাদেৱ খুব শীঘ্ৰ ডিসচাৰ্জ বই , পি পি ও , ই এস এম পৰিচয় পত্ৰ , স্তৰীৰ আধাৱ কাৰ্ড সঙ্গে নিয়ে জেলা সৈনিক কল্যান আধিকারীকেৱ কাৰ্য্যলয়ে যোগাযোগ কৱতে বলা হয়েছে ।
